

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
সরবরাহ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www: mofood.gov.bd

তারিখ: ১১ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২৭ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ


স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২০.২১৮

বিষয়: খাদ্যবান্ধব কর্মসূচি এবং ওএমএস কার্যক্রমের ডিলারশীপ আবেদনের জন্য 'ফুড গ্রেইন লাইসেন্স' ইস্যুর ক্ষেত্রে বিভিন্ন
দপ্তরের ছাড়পত্র ও লাইসেন্স সংযুক্ত করার বাধ্যবাধকতা থেকে অব্যাহতি দেয়া প্রসঙ্গে।

সূত্র: ওএমএস নীতিমালা ২০২৪ এবং ওএমএস এর ডিলার নিয়োগ সংক্রান্ত ৯ অক্টোবর ২০২৪ তারিখের পরিপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে আদিষ্ট হয়ে খাদ্যবান্ধব কর্মসূচি এবং ওএমএস কার্যক্রমের ডিলার নিয়োগের ক্ষেত্রে 'ফুড গ্রেইন লাইসেন্স' প্রাপ্তির জন্য এস.আর.ও ১৮৬/২০২২ এ চাহিত বিদ্যুৎ বিভাগের ছাড়পত্র, পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র, বিএসটিআই এর ছাড়পত্র, আয়কর সনদ এবং ফায়ার লাইসেন্স সংযুক্ত করার বাধ্যবাধকতা থেকে নির্দেশক্রমে অব্যাহতি দেয়া হল।

২। বিভিন্ন দপ্তরের ছাড়পত্র ও লাইসেন্স সংযুক্ত করার বাধ্যবাধকতা থেকে অব্যাহতি দেয়া হলেও লাইসেন্স ফি আদায়ের ক্ষেত্রে এস.আর.ও ২৬৫/২০২৪ অনুসরণ করতে হবে এবং ফুড গ্রেইন লাইসেন্স ইস্যুকারি কর্তৃপক্ষ কর্তৃক 'ফুড গ্রেইন লাইসেন্স' টি শুধুমাত্র ওএমএস এবং খাদ্যবান্ধব কর্মসূচির ডিলারের কাজে সীমিত রাখার বিষয়টি লাইসেন্স ফরমে উল্লেখ করতে হবে।



২৭-১০-২০২৪

কুল প্রদীপ চাকমা

উপসচিব

+৮৮০২৯৫১৪৬১৬ (ফোন)

+৮৮০২৯৫১৪৬৭৮ (ফ্যাক্স)

dssupply1@mofood.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়;
- ২। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর;
- ৩। বিভাগীয় কমিশনার (সকল);

- ৪। যুগ্মসচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়;
- ৫। জেলা প্রশাসক (সকল);
- ৬। উপসচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়;
- ৭। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, খাদ্য মন্ত্রণালয়;
- ৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল) এবং
- ৯। সিনিয়র সহকারী সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২০.২১৮/১ (১)

তারিখ: ১১ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২৭ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়।



(Handwritten signature)

২৭-১০-২০২৪
কুল প্রদীপ চাকমা
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৫০.৪৮.০০১.২০.৩৬৬

তারিখ: ১১ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২৭ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

পত্রের মর্মানুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্রটি নির্দেশক্রমে পৃষ্ঠাংকন করা হলো।

(Handwritten signature)

২৭-১০-২০২৪
মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঁঞা
উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধান নিয়ন্ত্রক, প্রধান নিয়ন্ত্রক এর দপ্তর, ঢাকা রেশনিং, ঢাকা এবং
- ২। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল),

১১ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ২৭ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৫০.৪৮.০০১.২০.৩৬৬/১ (৪)

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল);
- ২। উপসচিব, সরবরাহ-১ শাখা, খাদ্য মন্ত্রণালয়;
- ৩। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
এবং
- ৪। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, (সকল)।



(Handwritten signature)

২৭-১০-২০২৪

মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঁঞা
উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)